

শুরু হচ্ছে ডিসেম্বর ২০২৪

বন্ধু ন্যারেটিভ  
অ্যালাইস ন্যারেটিভ  
প্রাক্টিস বা কাহিনীমূলক  
চর্চার দর্শনকে পাথের  
করে মানসিক স্বাস্থ্যের  
ক্ষেত্রে নতুন সম্ভাবনার  
অন্বেষণ করতে চায়।

## আসন্ন কর্মশালা/কোর্স

১) ন্যারেটিভ চর্চার পটভূমি ও মূল ধারণা  
৩রা ও ৫ই ডিসেম্বর (২ দিনের কর্মশালা)  
সময় : ১১ টা থেকে ৪ টে  
কোর্স ফি : ৩৫০০ টাকা জনপ্রতি  
গ্রুপ ফি : ৩০০০ টাকা (৩ জন বা বেশি)

২) দৈনন্দিনের গল্পসল্প, লিঙ্গ সমতা ও ন্যারেটিভ চর্চা  
১৭ ও ১৯ শে ডিসেম্বর (২ দিনের কর্মশালা)  
সময় : ১১ টা থেকে ৪ টে  
কোর্স ফি : ৩৫০০ টাকা জনপ্রতি  
গ্রুপ ফি : ৩০০০ টাকা (৩ জন বা বেশি)

৩) ন্যারেটিভ চর্চায় ডিপ্লোমা ২০২৫-২৬



# ন্যারেটিভ চর্চার পটভূমি ও মূল ধারণা

৩রা ও ৫ই ডিসেম্বর (২ দিনের কর্মশালা)

সময় : ১১ টা থেকে ৪ টে

কোর্স ফি : ৩৫০০ টাকা জনপ্রতি

গ্রুপ ফি : ৩০০০ টাকা (৩ জন বা বেশি)

## কারা যোগ দিতে পারেন?

ন্যারেটিভ বিষয়ে আগ্রহী যে কোন মানুষ এই কোর্সের জন্য যোগাযোগ করতে পারেন।

মানসিক স্বাস্থ্য নিয়ে কাজ করছেন বা আগ্রহী -শিক্ষার্থী, কাউন্সেলার, শিক্ষক -সবাই স্বাগত।

## এই কর্মশালায় আমরা কি আলোচনা করব?

- ন্যারেটিভ প্র্যাকটিসের পটভূমি
- ন্যারেটিভ চর্চার মূল ধারণাগুলি
- দৈনন্দিনের গল্পসল্প ও তার মানে তৈরি করা
- গল্প বা স্টোরির মানে ও তার রকমফের
- ন্যারেটিভের মাইক্রো ম্যাপ কাকে বলে।

আমাদের যাপিত অভিজ্ঞতায় ছড়িয়ে থাকে নানারকমের গল্প। একজন ব্যক্তিমানুষ যখন তার জীবনের কোনও পরিস্থিতিতে দাঁড়িয়ে তার চারপাশের সাথে যোগাযোগ স্থাপন করেন তখন ঐতিহাসিক, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক এবং আরও অনেক রকমের বৃহত্তর বিশ্ব থেকে ভেসে আসা গল্পের নানারকমের সুতো তাকে প্রভাবিত করতে পারে, এমনকি হয়ে উঠতে পারে শিকলের মতোও। এই কাহিনী নির্ভর চর্চায় গল্প বা কাহিনী অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এক একটি গল্পের জন্ম হয় এক একটি প্রেক্ষাপটে - আমরা আমাদের সাথে গল্পগুলোকে বহন করতে করতে পথ চলি। আমাদের সমস্যার গল্প প্রায়শই সমাজের নিপীড়ক কাঠামো থেকে তৈরি হয়। আবার যাপনের মধ্যে লুকিয়ে থাকা অনেক গল্প এই কাঠামোর বিরুদ্ধে আমাদের প্রতিরোধের কথা বলে, বলে আমাদের লুকিয়ে থাকা ক্ষমতার কথা। এই চর্চা সম্ভাবনার খোজ এনে দেয়, নিজের জীবনের নির্ধারক হয়ে নতুনভাবে ভাবতে শেখায়।

## আমরা আছি আপনাদের সঙ্গে



শবনম রহমান



অর্পিতা দে



ডা সত্যজিৎ আশ

# দৈনন্দিনের গল্পসল্প, লিঙ্গ সমতা ও ন্যারেটিভ চর্চা

১৭ ও ১৯ শে ডিসেম্বর (২ দিনের কর্মশালা)

সময় : ১১ টা থেকে ৪ টে

কোর্স ফি : ৩৫০০ টাকা

জনপ্রতি

গ্রুপ ফি : ৩০০০ টাকা

(৩ জন বা বেশি)

আমরা কি নিয়ে কথা বলব

দৈনন্দিনের গল্পসল্প, লিঙ্গ সমতা ও তার মানে করা

গল্প বা স্টোরির ধারণা ও তার রকমফের

বিনির্মাণ ও বিকল্প

‘অনুপস্থিত কিন্তু অন্তর্নিহিত’ ম্যাপের এর এক বলক

## কারা যোগ দিতে পারেন?

ন্যারেটিভ ও লিঙ্গ- সমতা বিষয়ে আগ্রহী যে কোন মানুষ এই কোর্সের জন্য যোগাযোগ করতে পারেন। মানসিক স্বাস্থ্য, লিঙ্গ- সমতা নিয়ে কাজ করছেন বা আগ্রহী -শিক্ষার্থী, কাউন্সেলার, শিক্ষক -সবাই স্বাগত।

## আমরা থাকবো আপনাদের সঙ্গে

ডা রঞ্জিতা বিশ্বাস



‘বন্ধু’র বন্ধু ও বৃহত্তর পরিবারের সদস্য ডা রঞ্জিতা বিশ্বাস শিক্ষাগত সংযোগে একজন মনোরোগ বিশেষজ্ঞ এবং কুইয়ার ও ট্রান্স আয়াফারমেটিভ থেরাপির কাজে যুক্ত। তিনি কলকাতার যাদবপুর বিশ্ববিদ্যালয় থেকে উইমেনস স্টাডিজ পিএইচডি করেছেন। সাফো ফর ইকুয়ালিটির সদস্য রঞ্জিতা দুই দশকেরও বেশি সময় ধরে মানসিক স্বাস্থ্য, লিঙ্গ এবং যৌনতার ইন্টারফেসে কাজ, গবেষণা ও লেখালেখি করছেন। তিনি নিজেকে একজন কুইয়ার, নারীবাদী ও সিজ মহিলা হিসাবে পরিচয় দেন।



অর্পিতা দে